

প্রেস রিলিজ

১৮ ডিসেম্বর ২০২৫

## বাউবির গাজীপুর ক্যাম্পাসের ঝুঁকিপূর্ণ ভবন থেকে শিক্ষার্থীদের অতিরিক্ত সরে যাওয়ার নির্দেশ পুনর্ব্যক্ত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) গাজীপুর ক্যাম্পাসে অবস্থিত পুরাতন ঝুঁকিপূর্ণ ভবন-পঞ্চম তলা লাল বিল্ডিংয়ের উভয় পাশ এবং আবাসিক ভবন 'মল্লিকা' সাম্প্রতিক কারিগরি পরিদর্শনে ব্যবহার অনুপযোগী ও অধিকতর ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত হওয়ায় এসব ভবনে অবস্থানরত শিক্ষার্থীদের অতিরিক্ত ভবন ত্যাগের নির্দেশ পুনরায় জারি করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক মোঃ আনিছুর রহমান স্বাক্ষরিত ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখে জারিকৃত এক অফিস আদেশে তৃতীয়বারের মতো সংশ্লিষ্ট ঝুঁকিপূর্ণ ভবনসমূহে অবস্থানরত শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে কঠোরভাবে ভবন ত্যাগের নির্দেশ প্রদান করা হয়।

উক্ত অফিস আদেশে উল্লেখ করা হয়, পূর্বে জারিকৃত একাধিক নির্দেশনার আলোকে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট ভবনগুলোতে অবস্থানরত শিক্ষার্থীসহ সকলকে ভবন ত্যাগ করার নির্দেশ দেওয়া হলেও এখনও কিছু শিক্ষার্থী ঝুঁকিপূর্ণ ভবনগুলোতে অবস্থান করছেন, যা অত্যন্ত উদ্বেগজনক। এমতাবস্থায়, শিক্ষার্থীদের জীবন ও সার্বিক নিরাপত্তার বিষয়টি সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বিবেচনা করে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) কর্তৃপক্ষ ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত ভবনসমূহ-পঞ্চম তলা লাল বিল্ডিংয়ের উভয় পাশ এবং আবাসিক ভবন মল্লিকা থেকে অনতিবিলম্বে সরে যাওয়ার জন্য পুনরায় কঠোর নির্দেশনা প্রদান করেছে।

এদিকে, বিশ্ববিদ্যালয়ে আগামী ১৯ ডিসেম্বর ২০২৫ তারিখ থেকে শীতকালীন ছুটি শুরু হচ্ছে। এ অবস্থায় উল্লেখিত নির্দেশ অমান্য করে কোনো শিক্ষার্থী যদি সংশ্লিষ্ট ঝুঁকিপূর্ণ ভবনসমূহে অবস্থান করেন এবং কোনো অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা ঘটে, তবে এর দায়-দায়িত্ব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করবে না বলেও অফিস আদেশে স্পষ্টকরে উল্লেখ করা হয়েছে।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)